

চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কারিগরি শিক্ষার ভূমিকায় সেমিনার

পাবনা প্রতিনিধি

প্রকাশ: ২২ জুন, ২০২৬ ১৫:১২



ছবি: কালের কণ্ঠ

পাবনায় চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায়
কারিগরি শিক্ষার ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত
হয়েছে। সোমবার (২২ জুন) সকালে পাবনা সরকারি
পলিটেকনিক ইনস্টিটিউটের হল রুমে চতুর্থ শিল্প

বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কারিগরি শিক্ষার ভূমিকা
শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

পাবনা সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ
মো. সামসাদ খলিলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে
উপস্থিত ছিলেন পাবনা জেলা প্রশাসক মো. আমিনুল
ইসলাম।

আরো পড়ুন



এলএলবি-বিবিএসহ ৪ পেশাদার
বিষয়ে ভর্তি নিচ্ছে জাতীয়
বিশ্ববিদ্যালয়

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাবনা
ডাইনামিক সান পাওয়ার প্রাইভেট লিমিটেডের প্লান্ট
ম্যানেজার মো. জহুরুল ইসলাম, পাবনা টেকনিক্যাল
স্কুল ও কলেজের অধ্যক্ষ প্রকৌশলী মো. সিদ্দিকুর

রহমান, পাবনা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ
প্রকৌশলী মোকসেদুল আলম।

আরো পড়ুন



ময়লার ভাগাড়ে আলোর ঝলকানি

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন পাবনা সরকারি
পলিটেকনিক ইনস্টিটিউটের উপাধ্যক্ষ মো. হুমায়ুন
কবির।

সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কারিগরি
শিক্ষা অধিদপ্তরের এসেট প্রজেক্টের প্রোগ্রাম অফিসার
প্রকৌশলী জাহিদুল ইসলাম, পাবনা স্কয়ার
ফার্মাসিটিক্যালের ম্যানেজার মো. আব্দুল খালেক, পাবনা
সাইদ সাইমন এগ্রোর ব্যবস্থাপনা পরিচালক মো. ফরিদুল
ইসলাম।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পাবনা সরকারি
টেকনিক্যাল স্কুল ও কলেজের অবসরপ্রাপ্ত অধ্যক্ষ
প্রকৌশলী হাফিজুর রহমান।

সেমিনারে আলোচকরা বলেন, চতুর্থ শিল্প বিপ্লবের মূল
চালিকাশক্তি কৃত্রিম বুদ্ধিমত্তা : এটি চতুর্থ শিল্প বিপ্লবের
মস্তিষ্ক। বিপুল পরিমাণ ডেটা বিশ্লেষণ করে প্যাটার্ন খুঁজে
বের করা, ভবিষ্যৎ সম্পর্কে পূর্বাভাস দেওয়া এবং
মানুষের মতো সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা এআইকে এই
বিপ্লবের কেন্দ্রে স্থাপন করেছে। চতুর্থ শিল্প বিপ্লবে প্রযুক্তি
ব্যবহার করে দেশকে এগিয়ে নিতে হবে বিশ্বের সাথে তাল
মিলিয়ে।

সেমিনার অনুষ্ঠানে পাবনার বিভিন্ন সরাসরি-বেসরকারি
প্রতিষ্ঠানের প্রকৌশলীরা উপস্থিত ছিলেন।